[redacted]

[redacted]

[redacted]

[

গাংনীর বাওটে আশা অফিসের সিঁড়ি ও রুমের মধ্যে ছোপ ছোপ রক্ত, নিখোঁজ পিওন,

বেসরকারী এনজিও আশা’র অফিস কক্ষের সিঁড়ি ও রুমের মধ্যে ছোপ ছোপ রক্ত পড়ে আছে। কিন্তু কোনো দেহ নেই। এ ঘটনায় হ্মিপ্ত জনতা শাখা ব্যবস্থাপক আমিনুল ইসলামকে গণপিটুনি দিয়ে পুলিশে দিয়েছেন।

আজ রবিবার (২ অক্টোবার) সকালে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামে এনজিও সংস্থা আশা’র ব্রাঞ্চ অফিসে এ ঘটনা ঘটে।

নিখোঁজ রয়েছেন ওই অফিসের পিওন কাম কুক হৃদয় হোসেন (১৮)। হৃদয় হোসেন গাংনী উপজেলার ছাতিয়ান

হৃদয় হোসেনের ভাই বিজয় জানান, গতরাতে তার অফিসের ম্যানেজারসহ ৪/৫ জন লোক আমাদের বাড়িতে খাওয়া দাওয়া করে ভাইকে নিয়ে আসেন। সে তাদের সাথে এসে আর ফিরে যায়নি। সকালে হৃদয়কে তার কর্মস্থল এনজিও আশা’র বাওট ব্রাঞ্চে খুঁজতে যায়। খুঁজতে গিয়ে রুমের মধ্যে ও সিঁড়িতে ছোপ ছোপ রক্ত পেলেও হৃদয় হোসেনের কোনো হদিস পাওয়া যায়নি। এসময় স্থানীয়রা ব্রাঞ্চের ব্যবস্থাপক কে আটক করে পুলিশকে খবর দেন। খবর পেয়ে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি টিম ঘটনাস্থলে গিয়ে তাকে হেফাজতে নেন।

নিখোঁজ হৃদয়ের ভাই বিজয় জানান, আশার ব্রাঞ্চ ব্যবস্থাপক সাথে একই অফিসের মাঠ কর্মী সামিয়া খাতুনের সাথে অবৈধ সম্পর্ক রয়েছে। কয়েকদিন আগে তারা অসামাজিক কাজে লিপ্ত থাকা অবস্থায় আমার ভাই ভিডিয়ো ধারন করেছিলো। পরে সেই ভিডিয়ো ধারন নিয়ে ম্যানেজার আমার ভাইকে হুমকীও দিয়েছিলো।

হৃদয়ের মা আক্তার বানু বলেন, গতকাল রাতে হৃদয়ের বাড়িতে ম্যানেজার আমিনুল ইসলামসহ অজ্ঞাত ৪/৫ জন লোক খাওয়া দাওয়া করে হৃদয়কে অফিসে নিয়ে আসে ম্যানেজার। এরপর আর বাড়ি ফেরেনি সে। ধারনা করা হচ্ছে তাকে হত্যা করে লাশ গুম করে ফেলেছে।

এদিকে আজ সকাল থেকে আশা অফিসে কোনো কর্মকর্তা বা মাঠ কর্মীকে পাওয়া যায়নি। সবাই পলাতক রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, খবর পেয়ে পুলিশের টিম ঘটনাস্থলে পৌঁছে ম্যানেজারকে উদদ্ধার করেছে। বর্তমানে নিখোঁজের বডি আশেপাশের জঙ্গল বা পুকুরসহ অন্যান্য স্থানে খোঁজা হচ্ছে।

গাংনীতে অসুস্থ্য সংসারে নুরজাহানের চিকিৎসার প্রয়োজেন

স্বামী প্যারালাইজ্ড, সন্তান মানসিক ভারসাম্যহীন, এ দুজনকে দেখভাল করতে গিয়ে নিজেই মারাত্মক অসুস্থ হয়ে মৃত্যুর দ্বারপ্রান্তে গৃহবধু নুরজাহান । তার হার্টের একটি বাল্ব অকেজো হয়ে পড়েছে। দ্রুত অপারেশন করার পরামর্শ দিয়েছেন চিকিৎসক। এ জন্য প্রয়োজন বড় অংকের টাকা। অন্যথায় তাকে মরতে হবে ধুকে ধুকে। বাঁচার আকুতি থাকলেও নেই টাকা। ঘটনাটি গাংনীর আযান গ্রামের। ওই গৃহবধুর স্বামীর নাম মোজাব উদ্দীন ।

জানা গেছে, মোজাব উদ্দীনের চার সন্তান। মানসিক ভারসাম্যহীন ছেলে ফকিরুল ইসলামকে নিয়েই তার সংসার। স্ত্রী নুরজাহানকে নিয়ে কোনমতে সংসার চলছিল। ৮ বছর আগে স্বামী মোজাব উদ্দীন স্ট্রোক করেন। এতে বাম হাত ও পা অকেজো হয়ে যায়। বাড়িতে গবাদি পশু লালন পালন করা ছাড়াও মানুষের দান দক্ষিণা নিয়ে সংসার খরচের পাশাপাশি স্বামীর চিকিৎসা করাতেন। আশা ছিল, স্বামীকে তিনি সুস্থ করে তুলবেন। কিন্তু হঠাত নিজেই অসুস্থ হয়ে পড়েন তিনি।

নুরজাহান অসুস্থ হলে তার মেয়ে ছাবিনা খাতুন স্থানীয় লোকজনের সহায়তায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসকগন তাকে দ্রুত অপারেশনের পরামর্শ দেন। বিষয়টি অধিকতর নিশ্চিত হবার জন্য নুরজাহানকে নেয়া হয় ঢাকার ইবনেসীনা হাসপাতালে। সেখানে বিশেষজ্ঞ চিকিৎক একেএম মহিউদ্দীন ভুইয়ার তত্বাবধানে চিকিৎসা নেন। হার্টের বাল্ব অকেজো হবার কথা বলে তিনিও অপারেশনের পরামর্শ দেন। টাকার অভাবে চিকিৎসা নিতে না পারায় নুরজাহান এখন মৃত্যু পথযাত্রী।

নুরজাহানের মেয়ে ছাবিনা জানান, বাবা মোজাব উদ্দীন ও ভাই ফকিরুলকে দেখা শোনা করতে গিয়ে মা নুরজাহান অসুস্থ হয়ে পড়ে। মায়ের উপরই নির্ভর ছিলো গোটা সংসার। ভাইদের মধ্যে একজন অসুস্থ। তারও সাংসারিক অবস্থা ভাল নয়। বাবা মাস তিনেক আগ থেকে বয়স্ক ভাতা পাচ্ছেন। মানসিক ভারসাম্যহীন ভাইটির জন্য সরকারী সহায়তা পান মাত্র ৫০০ টাকা। এ টাকা দিয়ে নিজেদেরই ওষুুধ কেনা হয় না। এমন কোন সম্পদও নেই যা বিক্রি করে মায়ের চিকিৎসা করানো যাবে। অপারেশনের জন্য অন্ততঃ ৮ লাখ টাকা খরচ হবে বলে জানিয়েছেন চিকিৎসকরা। মায়ের জিবন বাঁচাতে চিকিৎসার সহায়তা চেয়েছেন মেয়ে ছাবিনা খাতুন। তার বিকাশ ও নগদ হিসাব নম্বর ০১৯৩১৫১৮৮০৮।

গাংনীতে কালব এর ১২তম বার্ষিক সভা অনুষ্ঠিত

গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড (কালব) এর ১২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০টায় গাংনী মহিলা ডিগ্রী কলেজের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু।

মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক মনিরজ্জামান মনি।

এসময় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী ও কালব এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষক কর্মচারী কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের আয় ব্যয় তুলে ধরা হয় এবং লটারির মাধ্যমে ৬৫ জন বিজয়ীকে পুরুস্কৃত করা হয়।

সভায় সংগঠনের সদস্য ও সঞ্চয় বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত

শারদীয় দূর্গোৎসব উপলক্ষে পুজার ডিউটিতে নিয়োজিত পুলিশ সদস্যদের ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১ অক্টোবর) সকাল ১০ টার সময় গাংনী থানা কম্পাউন্ডে এই প্যারেড ব্রিফিং অনুষ্ঠিত হয়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রাজ্জাক পুলিশ সদস্যদের এই ব্রিফ করেন।

এসময় গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সেকেন্ড অফিসার আব্দুর রাজ্জাকসহ অন্যান্য পুলিশ অফিসার ও ডিউটিতে নিয়োজিত পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গাংনী উপজেলার বিভিন্ন এলাকার ১৮ টি পুজা মন্ডপের সার্বিক নিরাপত্তা দিতে গাংনী থানার এসব পুলিশ সদস্যরা নিরলসভাবে দায়ীত্ব পালন করবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গাংনী উপজেলার ১৮ টি পুজামন্ডপ রয়েছে। এসব পুজা মন্ডপগুলোর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ বিভাগের পক্ষ থেকে সব ধরণের পদক্ষেপ নেয়া হয়েছে। প্রতিটি পুজা মন্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের পাশাপাশি আনসার সদস্যরাও দায়ীত্ব পালন করবে।

গাংনীতে ১৫ কেজি রুপাসহ দুই পাচারকারী আটক

গাংনীর করমদি থেকে ১৫ কেজি রোপ্যসহ দুই পাচারকারীকে আটক করেছে পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার চককল্যানপুর গ্রামের আব্দুল মান্নানের

ছেলে আকাশ (৩২) ও শওকত আলীর ছেলে রানা আহমেদ (৩৪)। এ ঘটনায় আরো একজন পলাতক রয়েছে।

আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৯ টার দিকে বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়কের করমদী মাঠপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের ব্যবহৃত প্যাশন প্লাস মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) ইস্রাফিল হোসেন, টুআইসি এএসআই মাহাতাব আলীসহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ভারতে রোপা পাচারের উদ্দ্যেশে একটি চক্র বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়ক হয়ে সীমান্তে যাচ্ছে এমন সংবাদে পুলিশের একটি টিম করমদী মাঠপাড়া এলাকায় অবস্থান নেয়। এসময় মোটরসাইকেলে তিনজন ব্যক্তি পলিথিনে মোড়ানো রোপ্য সিট কাপড়ের (ত্যানা) মধ্যে করে বিশেষভাবে মুড়িয়ে নিয়ে যাচ্ছিল। পুলিশের সন্দেহ হলে তাদের মোটরসাইকেলের গতিরোধ করেন। এসময় মোটরসাইকেল ফেলে একজন পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে ১৫ কেজি রোপ্য সহ দুই পাচারকারীকে আটক করেন। উদ্ধারকৃত রোপ্য’র আনুমানিক মূল্য ১২ লাখ টাকা বলে জানিয়েছেন পুলিশ।

এঘটনায় বিশেষ হ্মমতা আইনে মামলা দায়ের করে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্ততি চলছে।

গতকাল (২৮ সেপ্টেম্বর) মেহেরপুর শহর থেকে ৬ টি স্বর্ণের বারসহ এক নারীসহ দুজনকে আটক করেছিলো মেহেরপুর সদর থানা পুলিশ। একদিনের ব্যবধানে এই অভিযান।

গাংনীতে শেখ হাসিনার ৭৬ তম

জন্মদিনে নানা আয়োজন

আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশের সফল প্রধান মন্ত্রী ও বাংলাদেশ আওয়ামীলীগের সভাপতি শেখ হাসিনার ৭৬ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে।

এ উপলক্ষে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্তরে গিয়ে শেষ হয়।

আনন্দশোভা যাত্র শেষে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কেন্দ্রে আলোচনা সভা ও প্রধানমন্ত্রীর সুস্থ্যতা কমান করে দোয়া ও মোনাজাত করা হয়।

প্রধান মন্ত্রীর জন্মদিনের অনুষ্ঠান মালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাবীবের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, সহ সভাপতি মাহমুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, ছাত্রলীগ নেতা জাহাঙ্গীর আলম, মানিক আহম্মেদ, রাসেল, সনজু, ডলার, সজিব হোসেন প্রমুখ।

গাংনীতে মাদক ও ডাকাতির মামলায় ৪ আসামি গ্রেফতার

গত ১২ ঘন্টার অভিযানে ৪ ডট মাদকসহ ডাকাতি মামলার ১ আসামিসহ নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

৪ টি মাদক ও ডাকাতি মামলাসহ ৫ টি মামলার আসামি গাংনী উপজেলার

কল্ল্যাণপুর গ্রামের সামসুদ্দিনের ছেলে শরিফুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

শরিফুল ইসলাম এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের দায়ের করা ৪ টি মামলা রয়েছে।

তার নামে দায়ের হওয়া মামলাগুলোর মধ্যে রয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/১৮, ডাকাতি মামলার সন্দেহভাজন আসামি যার মামলা নং ১/১৪৯, তারিখ ০১/০৭/২০২২ ইং, ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ৩(খ)/১৯(৪) ধারায় দায়ের করা মামলা নং ২১, তারিখ ২৭/১০/২০২২, একই আইনে দায়ের হওয়া মামলা নং ৯, তারিখ ১৬/১০/২০১৮।

গ্রেফতারকৃত অপর আসামিরা হলেন, মারিমারির অভিযোগে প্রতিপক্ষের দায়ের করা গাংনী থানার মামলা নং ১৮, তারিখ ১৮/০৯/২২ আসামি বাদিয়াপাড়া গ্রামের মৃতু হারেজ আলীর ছেলে আলাদিম হোসেন, অপর একটি মারামারির অভিযোগে দায়ের করা মামলার আসামি একই উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃতু আব্দুস সাত্তারের ছেলে হাসান মিয়া (৫৫) ও শহিদুল ইসলামের ছেলে টুটুল হোসেন।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) দিবাগত রাতভর আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম রাতের বিভিন্ন সময়ে গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

কাথুলী ইউনিয়নের মেম্বর আবু

হানিফ আর নেই

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ড সদস্য গাড়াবাড়ীয়া গ্রামের বাসিন্দা আবু হানিফ (৪৮) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ সোমবার কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে তিনি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি গত শনিবার ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হলে পরিবারের সদস্য তাকে প্রথমে মেহেরপুর জেনারেলর হাসপাতালে ভর্তি করেন। পরে অবস্থার অবনতি হলে তাকে কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হয়।

আবু হানিফ গাড়াবাড়ীয়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে। তিনি কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও গাড়াবাড়ীয়া অন্তিম শান্তি নিবাস কবর স্থানের উন্নয়ন কাজের সভাপতি ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ৩ মেয়েসেহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

তার এ অকাল মৃত্যুতে কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানাসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শোক ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা মরহুমের পরিবারের বরাত দিয়ে জানান, সকাল সাড়ে ১১ টার সময় কুুতুবপুর স্কুল এন্ড কলেজ মাঠে জানাযা শেষে গ্রাম্য কবরস্থানে দাফন করা হবে।